রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বুধবার, অক্টোবর ১৯, ২০২২**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২ কার্তিক, ১৪২৯ বঙ্গাব্দ/ ১৮ অক্টোবর, ২০২২ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং-৩১৫ আইন/২০২২।**—সরকার, সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫৯ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৩ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার তফসিলের পরিবর্তে নিম্নরূপ তফসিল-১, তফসিল-২ এবং তফসিল-৩ প্রতিস্থাপিত হইবে, যথা:—

**“তফসিল-১**

[বিধি ২ এর দফা (১) দ্রষ্টব্য]

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | মহাপরিচালক | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>পরিচালক পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |



**মূল্য :** টাকা ২০.০০

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২। | পরিচালক | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>অতিরিক্ত পরিচালক পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ৩। | অতিরিক্ত পরিচালক | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>যুগ্মপরিচালক পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ৪। | যুগ্মপরিচালক | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>উপপরিচালক পদে অন্যূন ৪ (চার) বৎসরের চাকরি। |
| ৫। | প্রধান গবেষণা ও উন্নয়ন কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে পদায়নের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সিনিয়র গবেষণা ও উন্নয়ন কর্মকর্তা পদে অন্যূন ৪ (চার) বৎসরের চাকরি।<br>**পদায়নের ক্ষেত্রে:**<br>যুগ্মপরিচালক পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ৬। | চিফ ইনস্ট্রাক্টর | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে পদায়নের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সিনিয়র ইন্সট্রাক্টর পদে অন্যূন ৪ (চার) বৎসরের চাকরি।<br>**পদায়নের ক্ষেত্রে:**<br>যুগ্মপরিচালক পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ৭। | সিস্টেম এনালিস্ট | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৮। | উপপরিচালক | - | পদোন্নতির মাধ্যমে | (১) সহকারী পরিচালক, গবেষণা কর্মকর্তা অথবা টেলিফোন ইঞ্জিনিয়ার পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরি; এবং<br>(২) বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৯। | সিনিয়র গবেষণা ও উন্নয়ন কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে পদায়নের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(১) গবেষণা কর্মকর্তা পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরি; এবং<br>(২) বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ।<br>**পদায়নের ক্ষেত্রে:**<br>উপপরিচালক পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ১০। | সিনিয়র ইন্সট্রাক্টর | ৩৫ (পঁয়ত্রিশ) বৎসর | পদোন্নতির মাধ্যমে, সরাসরি নিয়োগের মাধ্যমে অথবা পদায়নের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(১) ইন্সট্রাক্টর (ফিজিক্যাল, ভেহিকেল ও আর্মড) পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরি; এবং<br>(২) বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>(২) কম্পিউটার চালনায় দক্ষতা;<br>(৩) সংশ্লিষ্ট বিষয়ে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা; এবং<br>(৪) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।<br>**পদায়নের ক্ষেত্রে:**<br>উপপরিচালক পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ১১। | সহকারী সিস্টেম এনালিস্ট | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ১২। | প্রোগ্রামার | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১৩। | সহকারী পরিচালক | ৩০ (ত্রিশ) বৎসর | (ক) শতকরা ৩৩ (তেত্রিশ) ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br><br>(খ) শতকরা ৬৭ (সাতষট্টি) ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br><br>(১) ফিল্ড অফিসার পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরিসহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি অথবা ফিল্ড অফিসার পদে অন্যূন ১২ (বারো) বৎসরের চাকরিসহ কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br><br>(২) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br><br>(৩) বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ।<br><br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br><br>(১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি;<br><br>(২) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br><br>(৩) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৪। | গবেষণা কর্মকর্তা | ৩০ (ত্রিশ) বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি;<br><br>(২) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br><br>(৩) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১৫। | টেলিফোন ইঞ্জিনিয়ার | ৩০ (ত্রিশ) বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং অথবা ইলেকট্রিক এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং এ স্নাতক ডিগ্রি; এবং<br>(২) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৬। | সহকারী প্রোগ্রামার | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ১৭। | অ্যাকাউন্টস-কাম-বাজেট অফিসার | - | প্রেষণে বদলির মাধ্যমে | বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক এর কার্যালয়ের সমপদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ১৮। | আবাসিক মেডিকেল অফিসার | - | প্রেষণে বদলির মাধ্যমে | স্বাস্থ্য অধিদপ্তরের মেডিকেল অফিসার পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ১৯। | ইন্সট্রাক্টর (ফিজিক্যাল, ভেহিকেল ও আর্মড) | ৩০ (ত্রিশ) বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে পদায়নের মাধ্যমে | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>(২) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(৩) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।<br>**পদায়নের ক্ষেত্রে:**<br>সহকারী পরিচালক পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২০। | লিয়াজোঁ অফিসার | ৩০ (ত্রিশ) বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে পদায়নের মাধ্যমে | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>(২) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(৩) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।<br>**পদায়নের ক্ষেত্রে:**<br>সহকারী পরিচালক পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ২১। | রেডিও ইঞ্জিনিয়ার | ৩০ (ত্রিশ) বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(১) রেডিও টেকনিশিয়ান পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি; এবং<br>(২) বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(১) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে রেডিও ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিষয়ে দ্বিতীয় শ্রেণির ডিপ্লোমা ডিগ্রি; এবং<br>(২) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২২। | ফিল্ড অফিসার | ৩০ (ত্রিশ) বৎসর | (ক) শতকরা ৫০ (পঞ্চাশ) ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br><br>(খ) শতকরা ৫০ (পঞ্চাশ) ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(১) হেড অ্যাসিসট্যান্ট, আপার ডিভিশন অ্যাসিসট্যান্ট, সাঁট-লিপিকার-কাম-কম্পিউটার অপারেটর অথবা জুনিয়র ফিল্ড অফিসার পদে অন্যূন ৫ (পাঁচ)বৎসরের চাকরি;<br>(২) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(৩) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(৪) বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(২) কম্পিউটার চালনায় দক্ষতা;<br>(৩) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ;<br>(৪) **উচ্চতা:**<br>(ক) পুরুষদের ক্ষেত্রে অন্যূন ৫ ফুট ৩ ইঞ্চি;<br>(খ) মহিলাদের ক্ষেত্রে অন্যূন ৫ ফুট; এবং<br>(৫) **বুকের মাপ:**<br>মহিলা ও পুরুষ উভয় ক্ষেত্রে ৩০ ইঞ্চি-৩২ ইঞ্চি (সম্প্রসারিত)। |
| ২৩। | স্বাস্থ্য সহকারী | - | প্রেষণে বদলির মাধ্যমে | স্বাস্থ্য অধিদপ্তরের সমপদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২৪। | কম্পিউটার টেকনিশিয়ান | ৩০ (ত্রিশ) বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (১) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(২) সংশ্লিষ্ট বিষয়ে ২ (দুই) বৎসরের ট্রেড কোর্স সার্টিফিকেট;<br>(৩) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(৪) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৫। | রেডিও টেকনিশিয়ান | ৩০ (ত্রিশ) বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (১) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(২) সংশ্লিষ্ট বিষয়ে ২ (দুই) বৎসরের ট্রেড কোর্স সার্টিফিকেট;<br>(৩) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(৪) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৬। | টেলিফোন টেকনিশিয়ান | ৩০ (ত্রিশ) বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(১) পিএবিএক্স অপারেটর পদে অন্যূন ৭ (সাত)বৎসরের চাকরি; এবং<br>(২) বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(১) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(২) সংশ্লিষ্ট বিষয়ে ২ (দুই) বৎসরের ট্রেড কোর্স সার্টিফিকেট;<br>(৩) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(৪) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২৭। | হিসাব রক্ষক | - | পদোন্নতির মাধ্যমে | (১) অ্যাকাউনট্যান্ট-কাম-ক্যাশিয়ার অথবা ক্যাশিয়ার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি; এবং<br>(২) কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ২৮। | হেড অ্যাসিসট্যান্ট | - | পদোন্নতির মাধ্যমে | (১) আপার ডিভিশন অ্যাসিসট্যান্ট অথবা সাঁট-লিপিকার-কাম-কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; এবং<br>(২) কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ২৯। | সাইফার অ্যাসিসট্যান্ট | - | পদোন্নতির মাধ্যমে | (১) আপার ডিভিশন অ্যাসিসট্যান্ট পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি; এবং<br>(২) কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ৩০। | আপার ডিভিশন অ্যাসিসট্যান্ট | - | পদোন্নতির মাধ্যমে | (১) সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি অথবা অফিস অ্যাসিসট্যান্ট বা অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরি;<br>(২) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(৩) বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩১। | অ্যাকাউনট্যান্ট-কাম-ক্যাশিয়ার | ৩০ (ত্রিশ) বৎসর | (ক) শতকরা ৫০ (পঞ্চাশ) ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) শতকরা ৫০ (পঞ্চাশ) ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(১) অফিস অ্যাসিসট্যান্ট অথবা অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি;<br>(২) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(৩) বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রি;<br>(২) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(৩) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৩২। | ক্যাশিয়ার | - | পদোন্নতির মাধ্যমে | (১) অফিস অ্যাসিসট্যান্ট অথবা অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি;<br>(২) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(৩) বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৩। | সাঁট-লিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৩৪। | কম্পিউটার অপারেটর | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৩৫। | জুনিয়র ফিল্ড অফিসার | - | পদোন্নতির মাধ্যমে | (১) ওয়্যারলেস অপারেটর পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি অথবা ফিল্ড স্টাফ পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি; এবং<br>(২) বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৬। | সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৩৭। | ফটোগ্রাফার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (১) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(২) বিভিন্ন ধরনের ক্যামেরা পরিচালনা ও ফটোগ্রাফিতে প্রশিক্ষণপ্রাপ্ত;<br>(৩) ডার্করুমের কাজ, কেমিক্যাল ব্যবহার ও ফটোগ্রাফিক ল্যাবরেটরি পরিচালনায় অভিজ্ঞতা;<br>(৪) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(৫) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৮। | আর্মড নায়েক | - | প্রেষণে বদলির মাধ্যমে | বাংলাদেশ পুলিশ বা ব্যাটালিয়ন আনসার এর সমপদমর্যাদাসম্পন্ন সদস্যগণের মধ্য হইতে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৩৯। | সহকারী লাইব্রেরিয়ান | ৩০ (ত্রিশ) বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (১) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা;<br>(২) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(৩) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪০। | সহকারী ডেমোনেস্ট্রেটর | - | পদায়নের মাধ্যমে | জুনিয়র ফিল্ড অফিসারগণের মধ্য হইতে। |
| ৪১। | জুনিয়র ইন্সট্রাক্টর (ফিজিক্যাল, ভেহিক্যাল ও আর্মড) | - | পদায়নের মাধ্যমে | জুনিয়র ফিল্ড অফিসারগণের মধ্য হইতে। |
| ৪২। | জুনিয়র সুপারিনটেনড্যান্ট | - | পদায়নের মাধ্যমে | জুনিয়র ফিল্ড অফিসারগণের মধ্য হইতে। |
| ৪৩। | সহকারী সুপারভাইজার | - | পদায়নের মাধ্যমে | জুনিয়র ফিল্ড অফিসারগণের মধ্য হইতে। |
| ৪৪। | হেড কনস্টেবল | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে প্রেষণে বদলির মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>ফিল্ড স্টাফ পদে অন্যূন ৫ (পাঁচ)বৎসরের চাকরি।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>বাংলাদেশ পুলিশ বাহিনীর সমপদমর্যাদাসম্পন্ন সদস্যগণের মধ্য হইতে। |
| ৪৫। | ওয়্যারলেস অপারেটর | ৩০ (ত্রিশ) বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (১) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(২) বৈদ্যুতিক ও বেতার যন্ত্রপাতি এবং বেতারযন্ত্রে যোগাযোগের নিয়মাবলি সম্বন্ধে মৌলিক জ্ঞান;<br>(৩) মোর্স টেলিগ্রাফিতে মিনিটে ২০টি শব্দ গ্রহণ ও প্রেরণের সক্ষমতা এবং কম্পিউটার চালনায় দক্ষতা,<br>তবে টেলি-যোগাযোগে প্রশিক্ষণপ্রাপ্ত ও অভিজ্ঞতাসম্পন্ন প্রাক্তন সশস্ত্র বাহিনী বা পুলিশ সদস্যদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও বয়স শিথিলযোগ্য; এবং<br>(৪) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৪৬। | পিএবিএক্স অপারেটর | ৩০ (ত্রিশ) বৎসর | (ক) শতকরা ৫০ (পঞ্চাশ) ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br><br>(খ) শতকরা ৫০ (পঞ্চাশ) ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(১) টেলিফোন লাইনম্যান পদে অন্যূন ৪ (চার) বৎসরের চাকরি; এবং<br>(২) বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(১) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(২) কোনো স্বীকৃত ভোকেশনাল ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্সে উত্তীর্ণ; এবং<br>(৩) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪৭। | অফিস অ্যাসিসট্যান্ট | ৩০ (ত্রিশ) বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (১) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(২) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(৩) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪৮। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৪৯। | মোটর মেকানিক | ৩০ (ত্রিশ) বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (১) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(২) মোটর গাড়ি মেরামত সম্পর্কে পর্যাপ্ত জ্ঞানসহ ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(৩) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫০। | গাড়িচালক | সরকারি যানবাহন অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৫১। | ল্যাবরেটরি অ্যাসিসট্যান্ট | ৩০ (ত্রিশ) বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (১) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(২) ফটো কেমিক্যাল তৈরীতে পর্যাপ্ত জ্ঞান;<br>(৩) ছবি মুদ্রণ ও প্রক্রিয়াকরণে অভিজ্ঞতা;<br>(৪) সংশ্লিষ্ট বিষয়ে কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(৫) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫২। | রিসিপশনিস্ট | ৩০ (ত্রিশ) বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (১) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(২) কম্পিউটারে এমএস অফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেস পরিচালনায় প্রশিক্ষণ ও দক্ষতা;<br>(৩) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ;<br>(৪) **উচ্চতা:**<br>(ক) পুরুষদের ক্ষেত্রে অন্যূন ৫ ফুট ৬ ইঞ্চি;<br>(খ) মহিলাদের ক্ষেত্রে অন্যূন ৫ ফুট ২ ইঞ্চি; এবং<br>(৫) **বুকের মাপ:**<br>উভয় ক্ষেত্রে ৩০ ইঞ্চি-৩২ ইঞ্চি (সম্প্রসারিত)। |
| ৫৩। | ফিল্ড স্টাফ | ৩০ (ত্রিশ) বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (১) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(২) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ;<br>(৩) **উচ্চতা:**<br>(ক) পুরুষদের ক্ষেত্রে অন্যূন ৫ ফুট ৪ ইঞ্চি;<br>(খ) মহিলাদের ক্ষেত্রে অন্যূন ৫ ফুট; এবং<br>(৪) **বুকের মাপ:**<br>পুরুষ ও মহিলা উভয় ক্ষেত্রে ৩১ ইঞ্চি - ৩৩ ইঞ্চি (সম্প্রসারিত)। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৫৪। | আর্মড কনস্টেবল | - | প্রেষণে বদলির মাধ্যমে | বাংলাদেশ পুলিশ বাহিনী অথবা ব্যাটালিয়ন আনসার এর সমমর্যাদাসম্পন্ন সদস্যগণের মধ্য হইতে। |
| ৫৫। | টেলিফোন লাইনম্যান | ৩০ (ত্রিশ) বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (১) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(২) স্বীকৃত ভোকেশনাল ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্সে উত্তীর্ণ; এবং<br>(৩) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫৬। | ডার্করুম অ্যাসিসট্যান্ট | ৩০ (ত্রিশ) বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (১) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(২) ফটোগ্রাফিক ল্যাবরেটরির ডার্করুমে ৩ (তিন) বৎসর কর্মের অভিজ্ঞতা;<br>(৩) ক্যামেরা পরিচালনা ও ছবি মুদ্রণ পদ্ধতি সম্পর্কে বাস্তব জ্ঞান;<br>(৪) সংশ্লিষ্ট বিষয়ে কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(৫) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫৭। | ডেসপ্যাচ রাইডার | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |
| ৫৮। | স্টাফ বাস হেলপার | ৩০ (ত্রিশ) বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (১) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(২) সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতা; এবং<br>(৩) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫৯। | অফিস সহায়ক | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। | | |

তফসিল-২

[তফসিল ১ এর ক্রমিক নং ১০, ১৩, ১৪, ১৫, ১৯, ২০, ২১, ২২, ২৪, ২৫, ২৬, ৩১, ৩৭, ৩৯, ৪৫, ৪৬, ৪৭, ৪৯, ৫১ এবং ৫২ দ্রষ্টব্য]

সিনিয়র ইন্সট্রাক্টর, সহকারী পরিচালক, গবেষণা কর্মকর্তা, টেলিফোন ইঞ্জিনিয়ার, ইন্সট্রাক্টর (ফিজিক্যাল, ভেহিকেল ও আর্মড), লিয়াজোঁ অফিসার, রেডিও ইঞ্জিনিয়ার, ফিল্ড অফিসার, কম্পিউটার টেকনিশিয়ান, রেডিও টেকনিশিয়ান, টেলিফোন টেকনিশিয়ান, অ্যাকাউন্ট্যান্ট-কাম-ক্যাশিয়ার, ফটোগ্রাফার, সহকারী লাইব্রেরিয়ান, ওয়্যারলেস অপারেটর,পিএবিএক্স অপারেটর, অফিস অ্যাসিসট্যান্ট, মোটর মেকানিক, ল্যাবরেটরি অ্যাসিসট্যান্ট এবং রিসিপশনিস্ট পদে সরাসরিভাবে নিয়োগের ক্ষেত্রে প্রার্থীগণের পরীক্ষার পদ্ধতি, বিষয়, নম্বর, ইত্যাদি

| ক্রমিক নং | পরীক্ষার পদ্ধতি ও বিষয়ের নাম | বিষয়ভিত্তিক নম্বর | পরীক্ষায় সর্বনিম্ন পাস নম্বর | পরীক্ষার সময় |
|---|---|---|---|---|
| ১। | **প্রাথমিক বাছাই পরীক্ষা** | **১০০** | ৫০% | ৬০মিনিট |
| | বাংলা | ৩০ | | |
| | ইংরেজি | ২৫ | | |
| | গণিত | ২৫ | | |
| | সাধারণ জ্ঞান | ২০ | | |
| ২। | **লিখিত পরীক্ষা** | ৭০ | ৫০% | ৯০মিনিট |
| | বাংলা | ১৫ | | |
| | ইংরেজি | ২০ | | |
| | গণিত | ২০ | | |
| | সাধারণ জ্ঞান | ১৫ | | |
| ৩। | **ব্যবহারিক/কম্পিউটার চালনা/দক্ষতা পরীক্ষা** | উত্তীর্ণ/অনুত্তীর্ণ | | |
| ৪। | **মৌখিক পরীক্ষা** | ৩০ | | |

**ব্যাখ্যা:**(১) প্রাথমিক বাছাই পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণই লিখিত পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।

(২) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণই ব্যবহারিক/কম্পিউটার চালনা/দক্ষতা পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।

**তফসিল-৩**

[তফসিল ১ এর ক্রমিক নং ৫৩, ৫৫, ৫৬ এবং ৫৮ দ্রষ্টব্য]

ফিল্ড স্টাফ, টেলিফোন লাইনম্যান, ডার্করুম অ্যাসিস্ট্যান্ট এবং স্টাফ বাস হেলপার পদে সরাসরিভাবে নিয়োগের ক্ষেত্রে প্রার্থীগণের পরীক্ষার পদ্ধতি, বিষয়, নম্বর, ইত্যাদি

| ক্রমিক নং | পরীক্ষার পদ্ধতি ও বিষয়ের নাম | বিষয়ভিত্তিক নম্বর | পরীক্ষায় সর্বনিম্ন পাস নম্বর | পরীক্ষার সময় |
|---|---|---|---|---|
| ১। | **প্রাথমিক বাছাই পরীক্ষা** | ১০০ | ৫০% | ৬০ মিনিট |
| | বাংলা | ৩০ | | |
| | ইংরেজি | ৩০ | | |
| | গণিত | ২০ | | |
| | সাধারণ জ্ঞান | ২০ | | |
| ২। | **লিখিত পরীক্ষা** | ৩৫ | ৫০% | ৯০ মিনিট |
| | বাংলা | ১০ | | |
| | ইংরেজি | ১০ | | |
| | গণিত | ১০ | | |
| | সাধারণ জ্ঞান | ৫ | | |
| ৩। | **মৌখিক পরীক্ষা** | ১৫ | | |

**ব্যাখ্যা:** (১) প্রাথমিক বাছাই পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণই লিখিত পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।

(২) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ. কে. এম. মনিরুজ্জামান**
পরিচালক (প্রশাসন)।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd